ইত্তেফাক

তারিখ ২৭।১২।৮১

06

# শিক্ষাকে অবশ্যই পেশামুখী করিতে হইবে

—প্রধানমন্ত্রী

কিশোরগঞ্জ, ২৬শে ডিসেম্বর (বাসস)—প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আজ এখানে কিশোরগঞ্জ উচ্চ বালক বিদ্যালয়ের শত বার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষক, ছাত্র ও সর্বস্তরের মানুষের উদ্দেশে বলেন, আধুনিক যুগের বিজ্ঞান ও প্রযুক্তির সহিত সঙ্গতিপূর্ণ শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে দেশের শিক্ষা ব্যবস্থার উল্লেখযোগ্য পরিবর্তন সাধন করা হইতেছে। তিনি বলেন, পাঠ্যসূচী পরিবর্তন বিষয়ক কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট বাস্তবায়ন করা হইতেছে। শিক্ষাকে অবশ্যই পেশামুখী করিতে হইবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এডভোকেট জনাব নজমুল হুদা এম,পি, জনাব ফরহাদ আহমদ কাঞ্চন এমপি ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব হাতেম আলী। ছাত্র-শিক্ষক সম্পর্ক ঘনিষ্ঠতর করায় প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন। প্রধানমন্ত্রী বলেন, ছাত্রদের চরিত্র গঠন প্রক্রিয়াকে শিক্ষাজীবনের অঙ্গ হিসাবে বিবেচনা করিতে হইবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ও ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে এম আমিনুল হক। পরে তিনি কিশোরগঞ্জ বার সমিতির সদস্যদের উদ্দেশে বক্তৃতা করেন।